গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফেঞ্চুগঞ্জ, সিলেট
E-mail : unofenchuganj@mopa.gov.bd

## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির অক্টোবর, ২০১৯ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব এ.এস.এম. জাহিদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার,
ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার স্থান ঃ উপজেলা হল রুম, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার তারিখ ঃ ১৪-১০-২০১৯ খ্রি., সময় ঃ সকাল ১০.০০টা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট- "ক"

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে আংশিক সংশোধনক্রমে কার্যবিবরণী দৃঢ়ীকরণ হয়। অতঃপর অফিসার ইনচার্জ তদন্ত কর্তৃক বিগত মাসের অপরাধ বিষয়ক চিত্র পেশ করায় নিম্নে তা উল্লেখ করা হলো।

আইন-শৃঙ্খলা ঃ অপরাধ চিত্র

| মাস | নারী নির্যাতন মামলা | ধর্ষণ মামলা | মাদক মামলা | অন্যান্য চুরি | অন্যান্য খাতে মামলা | চোরাচালান মামলা | মোট মামলা |
|---|---|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর | ০২ | ০১ | ০২ | -- | ০৪ | ০১ | ১০ |

০১) সভাপতি সভার শুরুতে জানান যে,বিগত সভায় ০১ নং অনুচ্ছেদের সিদ্ধান্ত অনুসারে উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্তির বিষয়ে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট সিলেট মহোদয় বরাবরে অনুমোদনের নিমিত্ত পত্র প্রেরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

০২) উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে ,সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে অনাকাংখিত ঘটনা এড়াতে শিক্ষকদের মাসিক সভার সাথে শিক্ষার্থী ও অভিভাবক সমন্বয়ে সচেতনতা মূলক সভা আহবান করা হয়েছে।

০৩) কমিটির সদস্য জনাব আতাউর রহমান রুনু মিয়া ,সভাপতি,উপজেলা শ্রমিকলীগ ,ফেঞ্চুগঞ্জ সভায় জানান যে, বাসা বাড়ির রাইজার লিকেজ হয়ে গ্যাস নির্গত হচ্ছে । এতে অনেক সময় দুর্ঘটনা ঘটার আশংকা বিদ্যমান থাকে।উক্ত সমস্যাটির সমাধানের জন্য জালালাবাদ গ্যাস অফিসের সাথে আলোচনাক্রমে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

০৪। কমিটির সদস্য জনাব আব্দুল বারী সভায় জানান যে,কাসিম আলী সরকারী মডেল উচ্চ বিদ্যালয়ে ৮ম শ্রেণির একজন ছাত্রের মৃত্যুতে অসহায় পরিবারের প্রতি আর্থিক সাহায্যের অনুরোধ জানান।

০৫) কমিটির সদস্য জনাব রবীন্দ্র কুমার নাথ ,সভাপতি,হিন্দু বৌদ্ধ ও খ্রিস্টান ঐক্য পরিষদ সভায় জানান যে, সনাতন ধর্মাবলম্বীদের দুর্গাপূজা অত্যন্ত সুন্দর ও উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জানান এবং একই সাথে কৃতজ্ঞতা প্রকাশ করেন।

০৬) সহকারি জেনারেল ম্যানেজার , পল্লী বিদ্যুৎ সভায় জানান যে, রাস্তার উন্নয়নের জন্য বিদ্যুতের খুঁটি সরিয়ে নির্ধারিত স্থানে নেয়ার কাজ চলছে। কিন্তু সামাদ প্লাজার পর হতে দোকানদার ও বিল্ডিং মালিকদের আপত্তির কারণে খুঁটিসমূহ নির্ধারিত জায়গায় নেয়া যাচ্ছে না ফলে যে কোন সময় রাস্তার ঢালাইয়ের কাজ শুরু হলে পূর্বের খুঁটিসমূহ উঠানো কষ্টকর হয়ে যাবে। এই ব্যাপারে তিনি মাননীয় সংসদ সদস্য সহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান উক্ত কাজের জন্য প্রায় ১৫ দিন সকাল ৯.০০ টায় বিদ্যুতের সংযোগ বন্ধ করে বিকাল ৫.০০ টায় চালু করা লাগবে । সাময়িক অসুবিধার জন্য তিনি সকলের কাছে অগ্রীম দুঃখ প্রকাশ করেন।

০৭। ডেপুটি জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সভায় জানান যে, ক্যাবল ব্যবসায়ীরা বিদ্যুতের খুঁটির সাথে তার বেঁধে লোকের নাগালের মধ্যে লাইন টানেন। এসকল ক্যাবলের তার খুবই শক্ত যার ফলে প্রায়ই বিভিন্ন ধরনের দুর্ঘটনা ঘটে থাকে।এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনের সহযোগিতা কামনা করেন।

০৮) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তিনি এ উপজেলায় নতুন যোগদান করেছেন । তিনি তার কাজকর্ম সুষ্ঠুভাবে চালিয়ে নিতে সকলের সহযোগিতা কামনা করেন ।

০৯) স্টেশন ম্যানেজার ,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে,আমাদের পর্যাপ্ত লাইফ জ্যাকেট নাই। প্রাকৃতিক দুর্যোগ কিংবা কোন ধরনের দুর্ঘটনা ঘটলে তাৎক্ষণিক কার্যক্রম গ্রহণের জন্য প্রায় সকল ধরণের যন্ত্রপাতি সরকার হতে পাওয়া গিয়েছে।

১০) সাবেক কমান্ডার জনাব মোঃ আকরাম হোসেন সভায় জানান যে, বর্তমান আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল।মাদকের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এলাকার যুব সমাজকে রক্ষায় এগিয়ে আসার জন্য প্রশাসন সহ সকলের সহযোগিতা কামনা করেন।

১১। প্রধান শিক্ষক,কাসিম আলী সরকারি মডেল উচ্চ বিদ্যালয় সভায় জানান যে, ছাত্রদের সচেতন করার লক্ষ্যে বিভিন্ন সভা সেমিনারের আয়োজন করা হচ্ছে।

১২) প্রিন্সিপাল ,মোহাম্মদিয়া কামিল মাদ্রসা সভায় বলেন যে, এ উপজেলায় সর্বোচ্চ পর্যায়ের মাদ্রাসা হলো মোহাম্মদিয়া কামিল মাদ্রসা। এ ছাড়া ৮ টি দাখিল মাদ্রাসা, ০৯ টি এবতেদায়ী মাদ্রাসা ও ২১ টি কওমী মাদ্রাসা বিদ্যমান আছে।

১৩) কমিটির সদস্য ,সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান জনাব জাহানারা বেগম সভায় বলেন যে, বাল্য বিবহ করানোর জন্য কম বয়সের ছেলে মেয়েদের বেশী বয়স উল্লেখ করে জন্ম নিবন্ধন করাচ্ছেন মর্মে খবর পাওয়া যাচ্ছে। জন্ম নিবন্ধন প্রদানকালে সকল ইউপি চেয়ারম্যানকে পর্যাপ্ত যাচাই বাছাই করে জন্ম নিবন্ধন সনদ প্রদানের অনুরোধ জানান।

১৪) উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত মোট ০৩ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে এবং কারেন্ট জাল সহ বিভিন্ন প্রকারের অবৈধ জাল উদ্ধার করে পুড়িয়ে ফেলা হয়েছে। বর্তমানে ৩০ শে অক্টোবর পর্যন্ত ইলিশ মাছ ধরা,বিক্রয়,বিপণন ইত্যাদি সম্পূর্ণ নিষিদ্ধ থাকায় এর বিরুদ্ধে মোবাইল কোর্টসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান আছে।

১৫) চেয়ারম্যান , ০৩ নং ইউ পি সভায় জানান যে,আইনশৃঙ্খলা পরিস্থিতি ভাল। বাল্য বিবহের কার্যক্রম নেই। কোথাও খবর পাওয়া গেলে তাৎক্ষণিক উদ্যোগ নিয়ে প্রশাসনের সহযোগিতায় বাল্য বিবাহের কার্যক্রম বন্ধ করা হয়। তিনি আরো বলেন, ফেঞ্চুগঞ্জ বাজারের ওসমানী সড়কের চৌরাস্তার মোড়ে সর্বক্ষণ যানজট লেগে থাকে। প্রতি সভায় এ স্থানের যানজট নিরসনে আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভায় আলোচনা হয়ে থাকে। কিন্তু আজ অবধি যানজট নিরসন হয়েছে কিনা মর্মে সভায় প্রশ্ন রাখেন। সভায় এ বিষয়টি গুরুত্বের সংগে বিবেচনায় নেয়ার অনুরোধ জানান।

১৬) অফিসার ইনচার্জ(তদন্ত), ফেঞ্চুগঞ্জ সভায় দুর্গা পূজা সুন্দরভাবে উদযাপন করায় সকলকে ধন্যবাদ জানান। তিনি জানান কাসিম আলী সরকারী মডেল উচ্চ বিদ্যালয়ের ৮ম শ্রেণির একজন ছাত্র হত্যার বিষয়টি তদন্তাধীন আছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক। তিনি বলেন, অনাকাঙ্খিত ঘটনা থেকে কোমলমতি ছাত্রদের সচেতন করার লক্ষ্যে স্কুলে স্কুলে গিয়ে সচেতনতামূলক সভা ও ক্লাসের ব্যবস্থা করা হয়েছে। তিনি বলেন কোথাও মাদকদ্রব্য সেবন ও বিক্রয় করতে দেখা গেলে তাৎক্ষণিক টেলিফোনে খবর দেয়া হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সহজ হবে বিধায় এ বিষয়ে সকলকে সহযোগিতার অনুরোধ জানান।

১৭) উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) সভায় বলেন যে, এ উপজেলায় বিট পুলিশ ক্যাম্পিং কার্যক্রম শুরু হয়েছে। এ পর্যন্ত কয়টি বিট পুলিশ ক্যাম্প করা হয়েছে, সে বিষয়ে আলোকপাত করার জন্য ওসি (তদন্ত) কে অনুরোধ জানান।

১৮) উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় কাসিম আলী সরকারী মডেল উচ্চ বিদ্যালয়ের ৮ম শ্রেণির একজন ছাত্রের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং ছাত্রের পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন এবং ছাত্রটি নিহত হওয়ায় শোক প্রস্তাব গ্রহণের অনুরোধ জানান । তিনি জানান ফেঞ্চুগঞ্জ উপজেলায় কিছু সংখ্যক শিশু বিভিন্ন ধরনের যানবাহন চালিয়ে থাকে, ফলে প্রায়ই দুর্ঘটনা ঘটে থাকে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান।

১৯) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় সকল দপ্তরের কর্মকর্তাদের জনগণের সাথে দায়িত্বশীল আচরণ করার জন্য অনুরোধ জানান। তিনি পোনা মাছ সংরক্ষণে কারেন্ট জাল উৎপাদন ও এর ব্যবহারের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ জানান। তিনি নিয়ম মোতাবেক গ্রাম আদালত পরিচালনা এবং গ্রাম আদালত পরিচালনার মাসিক প্রতিবেদনসহ উপজেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভায় উপস্থিত থাকার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি সভাকে অবহিত করেন যে, নারী ও শিশু নির্যাতনের বিষয়ে অভিযোগ পাওয়ার সাথে সাথে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অফিসার ইনচার্জ কে অনুরোধ জানান। তিনি আরো বলেন, বর্তমানে রোহিঙ্গা একটি মারাত্মক সমস্যা। এরা নানাভাবে নাগরিকত্ব গ্রহণের কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এ ব্যাপারে সকল ইউপি চেয়ারম্যানদের সচেতনতার সাথে কার্যক্রম গ্রহণ করার অনুরোধ জানান। রোহিঙ্গা দেখামাত্র অফিসার ইনচার্জ কিংবা উপজেলা নির্বাহী অফিসারকে সংবাদ দেয়ার আহবান জানান। তিনি বলেন জঙ্গী বিরোধী ও সন্ত্রাস বিরোধী কার্যক্রম গ্রহণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন এর মাধ্যমে সকল মসজিদ মাদ্রাসায় প্রতি শুক্রবার/জুম্মাবারে জঙ্গী বিরোধী খুতবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করে সাধারণ জনগণকে সচেতন করার অনুরোধ জানান। তিনি সভাকে জানান যে, ঘিলাছড়া এলাকায় প্রতিদিন জুয়ার আসর বসে এবং জুয়া খেলে অনেক লোক নিঃস্ব হয়ে গেছে। তাই জুয়া খেলা বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, ফেঞ্চুগঞ্জ থানাকে অনুরোধ জানান।তিনি জানান ঘিলাছড়া এলাকার এঙ্কর টাওয়ার মুছড়ে যাওয়ায় যে কোন সময় বিদ্যুৎ সংযোগ বন্ধ হয়ে যেতে পারে। এ বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য ডিজিএম পল্লী বিদ্যুৎ কে অনুরোধ জানান। পরিশেষে ফেঞ্চুগঞ্জ বাজারের রাস্তা প্রশস্ত করণের স্বার্থে অবৈধ দখলদারদের বিরুদ্ধে প্রয়োজনীয় উচ্ছেদ কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

২০) জনাব মাহমুদ সামাদ চৌধুরী, মুখ্য উপদেষ্টা ও মাননীয় সংসদ সদস্য ২৩১,সিলেট-৩ সভায় শারদীয় দুর্গাপূজা সুন্দর ও উৎসবমুখর পরিবেশে উদযাপন করায় সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার অবদান "কমিউনিটি ক্লিনিক" প্রকল্পের মাধ্যমে অসহায় দরিদ্র জনগণকে বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়ে থাকে। এ প্রকল্প নিয়ে বিভিন্ন ধরনের অভিযোগ পাওয়া যাচ্ছে। বিগত বি এন পি সরকার ২০০১ সালে ক্ষমতায় এসে প্রকল্পের কার্যক্রম বন্ধ করে দেয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার ২০০৮ সালে ক্ষমতায় এসে জনগণের স্বাস্থ্যসেবা প্রদানের নিমিত্ত প্রকল্পটি পুনরায় চালু করেন। এবং প্রকল্পটি যাতে ভবিষ্যতে আর কেউ বন্ধ করতে না পারে সেজন্য বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার একটি ট্রাস্ট গঠন করে দেন। কমিউনিটি ক্লিনিকের সেবার মান নিয়ে কোন ধরণের অভিযোগ গ্রহণযোগ্য নয়। রাস্তার উন্নয়নের কাজ চলার সময় সাময়িকভাবে বিদ্যুৎ বন্ধ রাখতে হলে মাইকিং করে জনগণকে অবহিত করতে হবে। কোন প্রকার কারেন্ট জাল উৎপাদন কিংবা এর ব্যবহার করা যাবেনা। কারেন্ট জাল উৎপাদন ও ব্যবহার নিষেধ করার জন্য এবং ব্যাপক প্রচারের নিমিত্ত মাইকিং করানোর জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান।তিনি SDG বাস্তবায়নে নতুন কিছু উদ্ভাবনের বিষয়ে মনোযোগ দেয়ার জন্য সকল দপ্তরের দপ্তর প্রধানসহ উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।

২১) উপজেলা নির্বাহী অফিসার ও অদ্যকার সভার সভাপতি বক্তব্যের শুরুতেই সকলকে শুভেচ্ছা জানান এবং নবাগত হিসেবে সকলের পরিচয় প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি বলেন জঙ্গী বিরোধী ও সন্ত্রাস বিরোধী কার্যক্রম গ্রহণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে ।এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন এর মাধ্যমে সকল মসজিদ মাদ্রাসায় প্রতি শুক্রবার/জুম্মাবারে জঙ্গী বিরোধী খুতবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করে সাধারণ জনগণকে সচেতন করার অনুরোধ জানান। ছোট ছোট অপরাধগুলো থানায় না গিয়ে গ্রাম আদালতের মাধ্যমে সমাধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ জানান এবং প্রতি মাসের ইউনিয়ন আইনশৃঙ্খলা কমিটির নিয়মিত সভা আহবান করার জন্য এবং এ সংক্রান্ত সভায় ফেঞ্চুগঞ্জ থানার প্রতিনিধি উপস্থিত রাখার জন্য সকল চেয়ারম্যানদের এবং ওসিকে অনুরোধ জানান। তিনি সভাকে জানান যে, মাদকদ্রব্য বিক্রি ও সেবনের কারীদের দমনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী অত্যন্ত কঠোর নির্দেশনা প্রদান করেছেন। তিনি সভাকে আরো জানান যে, বাল্য বিবাহ একটি সামাজিক সমস্যা। বাল্য বিবাহ ও নারী নির্যাতন যেন না হয় সে বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা মোতাবেক ফায়ার সার্ভিস,আনসার ভিডিপি ও পল্লী বিদ্যুৎ কে কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন। এছাড়া উপজেলা মাসিক আইনশৃঙ্খলা কমিটিতে ইসলামিক ফাউন্ডেশন ও উপজেলা কৃষি অফিসারকে অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়।

বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

| ক্রং নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | সভায় আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখার জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ০২। | পল্লী বিদ্যুতকে গাছপালা কাটার পূর্বে যদি সরকারী মালিকানাধীন গাছ কাটতে হয় সেক্ষেত্রে অনুমতি সাপেক্ষে কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০২।সহকারী কমিশনার (ভূমি), ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ০৩। | ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় জঙ্গি গোষ্ঠী বা ধর্মীয় গোষ্ঠীর কার্যক্রম সম্পর্কে এজেন্ডা হিসেবে আলোচনা করে কার্যবিবরণী যথাসময়ে এই অফিসে প্রেরণ করতে হবে। | |
| ০৪। | প্রতিটি ইউনিয়নে বাল্য বিবাহ,নারী নির্যাতন ও যৌতুক বিরোধী কমপক্ষে ০২ টি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা নিয়মিত আহ্বান করতঃ সভার কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইউনিয়ন পর্যায়ে ও গ্রাম পর্যায়ে সন্ত্রাস জঙ্গিবাদ বিরোধী সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সকল মসজিদ মাদ্রাসায় প্রতি শুক্রবার/জুম্মাবারে জঙ্গী বিরোধী খুতবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করে সাধারণ জনগণকে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০৩। অফিসার ইন চার্জ, ফেঞ্চুগঞ্জ থানা।<br>০৪। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-০১, ফেঞ্চুগঞ্জ জোনাল অফিস<br>০৫। উপজেলা কৃষি কর্মকর্তা , ফেঞ্চুগঞ্জ<br>০৬। উপজেলা মৎস্য কর্মকর্তা ,ফেঞ্চুগঞ্জ |
| ০৫। | ইলিশ মাছ সংরক্ষণে ও অবৈধ কারেন্ট জাল প্রতিরোধে উপজেলা মৎস্য অফিসারকে নিয়মিত অভিযান পরিচালনা সহ মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০৭। চেয়ারম্যান/ (সকল) ইউ.পি<br>০৮। ইসলামিক ফাউন্ডেশন,ফেঞ্চুগঞ্জ<br>০৯। জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ |
| ০৬। | কটালপুর/ সেনের বাজার/ চানপুর বাজারে সি এন জি স্ট্যান্ড এর বিরোধ নিয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে নিয়ে সরেজমিনে তদন্ত করে ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৭। | ওসমানী সড়কের চৌরাস্তায় সিএনজি সহ সকল ধরনের যানবাহন থামিয়ে যাত্রী উঠানো কিংবা নামানো যাবেনা সে মর্মে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৮। | গ্যাস লাইন লিকেজের বিষয়ে সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৯। | স্কুল কলেজ সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে অনাকাঙ্ক্ষিত ঘটনা না ঘটার জন্য সচেতনতা বৃদ্ধিসহ প্রতিষ্ঠান কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধী সচেতনতামূলক সভা আহবান করতে হবে। | |
| ১০। | ফায়ার সার্ভিস,আনসার ভিডিপি , পল্লী বিদ্যুৎ, ইসলামিক ফাউন্ডেশন ও উপজেলা কৃষি অফিসারকে উপজেলা মাসিক আইনশৃঙ্খলা কমিটিতে কো-অপ্ট করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(এ,এ,এম, জাহিদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট
☎ ০৮২২৬-৫৬০১২
📱 ০১৭৩০৩৩১০৩৪

স্মারক নং ঃ ০৫.৪৬.৯১৩৫.০০০.০৬.০২৩.২০১৯- ৬০৫

তারিখ ঃ ১৫-১০-২০১৯ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

১। মাননীয় সংসদ সদস্য ও মুখ্য উপদেষ্টা, ২৩১ সিলেট-৩ আসন
২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার,সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
৭। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

৮। উপজেলা ---------------------------------------------------------- অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট
৯। চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ/২নং মাইজগাঁও/৩নং ঘিলাছড়া/৪নং উত্তর কুশিয়ারা/৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউ.পি
১০। জনাব/বেগম ---------------------------------- সদস্য, ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ঘিলাছড়া, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট